কালের কণ্ঠ

তারিখ ১০ APR 2018
পৃষ্ঠা ১৫ কলাম ৫

# ১০ পরীক্ষার্থী বহিষ্কার শিক্ষকসহ আটক ৫

নারায়ণগঞ্জ প্রতিনিধি ▷

নারায়ণগঞ্জের আড়াইহাজারে এইচএসসি পরীক্ষায় নকলের মহোৎসব চলছে। নকলের দায়ে গতকাল সোমবার ১০ পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এ কাজে সহযোগিতা করায় প্রাইমারি স্কুলের শিক্ষকসহ পাঁচজনকে আটক করা হয়।

সোমবার আইসিটি পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষা শুরুর সঙ্গে সঙ্গে বহিরাগতদের সহযোগিতায় সরকারি সফর আলী কলেজ ও আড়াইহাজার পাইলট উচ্চ বিদ্যালয় কেন্দ্রে নকলের মহোৎসব চলে। এ সময় দায়িত্বরত নির্বাহী ম্যাজিস্ট্রেট উপজেলা নির্বাহী কর্মকর্তা সুরাইয়া খান আড়াইহাজার পাইলট উচ্চ বিদ্যালয় কেন্দ্র থেকে সাত পরীক্ষার্থী ও সরকারি সফর আলী কলেজ পরীক্ষা কেন্দ্র থেকে তিন পরীক্ষার্থীকে হাতেনাতে ধরেন। পরে তাদের পরীক্ষা কেন্দ্র থেকে বহিষ্কার করা হয়। এ সময় নকল দিয়ে সহযোগিতা করায় আড়াইহাজার পাইলট উচ্চ বিদ্যালয় কেন্দ্র থেকে শিক্ষকসহ পাঁচ ব্যক্তিকে আটক করে পুলিশে সোপর্দ করেন নির্বাহী ম্যাজিস্ট্রেট।

আটক ব্যক্তিরা হলেন উজান গোপিন্দী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক হায়াত মাহমুদ, সত্যবান্দী এলাকার মতিউর রহমানের ছেলে হাসিবুল ইসলাম, দক্ষিণপাড়া এলাকার সাদত আলীর ছেলে রকিবুল ইসলাম, পাঁচরুখী এলাকার আবু ছিদ্দিকের ছেলে সিয়াম আহম্মেদ ও বৈলারকান্দী এলাকার ছিদ্দিক ভুঁইয়ার ছেলে রুবেল ভুঁইয়া। বহিষ্কৃত ছাত্রদের মধ্যে সরকারি সফর আলী কলেজের সাত, হাজি বেলায়েত হোসেন কলেজের দুই ও পাঁচরুখী বেগম আনোয়ারা কলেজের একজন।

উপজেলা নির্বাহী কর্মকর্তা সুরাইয়া খান ১০ পরীক্ষার্থীকে বহিষ্কারের সত্যতা স্বীকার করে জানান, নকল সরবরাহের দায়ে আটকদের মুচলেকা দিয়ে ছেড়ে দেওয়া হয়েছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং........
তারিখ........

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম ম্যানেজার | |
| সিনিয়র সিস্টেম এনালিস্ট | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর